

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৬১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. প্রথম অনুচ্ছেদ - জামা আত ও তার ফযীলত সম্পর্কে

بَابُ الْجَمَاعَةِ وَفَضْلِهَا

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ

رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَيُّمَا امْرَأَةٍ أَصَابَتْ بَخُورًا فَلَا تَشْهَدْ مَعَنَا الْعشاء الْآخِرَة» . رَوَاهُ مُسلم

বাংলা

১০৬১-[১০] আবৃ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ যে সব মহিলা সুগন্ধি লাগায় তারা যেন 'ইশার সালাতে আমাদের সঙ্গে অংশগ্রহণ না করে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৪৪৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلَا تَشْهَدُ مَعَنَا الْعِشَاءِ الْآخِرَة) সে যেন আমাদের সাথে 'ইশার সালাতে উপস্থিত না হয়। কেননা এ সময়টা অন্ধকার থাকে, আর সুগন্ধি মানুষের মনের শাহওয়াত তথা যৌন খাহেশ বাড়িয়ে দেয়।

ফলে এ সময়ে মহিলা ফিতনাহ্ থেকে নিরাপদ নয়। তাই বিশেষভাবে এ সময়ে মহিলাদেরকে এ অবস্থায় মসজিদে উপস্থিত হতে বারণ করা হয়েছে। তাছাড়া পূর্বে এ কথাও উল্লেখিত হয়েছে যে, সুগন্ধি লাগিয়ে মহিলাদের মসজিদে যাওয়া সম্পূর্ণভাবে নিষিদ্ধ, তা যে সময়েই হোক না কেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন